

জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জানাযা রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১৪) মৃত ব্যক্তিকে কবরে চিত করে শোয়ানো

মৃত ব্যক্তিকে কবরে রাখার সময় চিত করে শোয়ানো এবং বুকের উপর হাত জোড় করে রাখার যে রেওয়াজ প্রচলিত আছে, তার শারঈ কোন ভিত্তি নেই। বরং তাকে ডান কাতে রাখতে হবে এবং হাত স্বাভাবিকভাবে থাকবে। সাময়িক মৃত্যু বা ঘুমানোর সময় ডান কাতে ঘুমাতে হয়।[1] চিত হয়ে ঘুমানোর কোন বিধান নেই। অথচ চির দিনের জন্য কবরে শোয়ানোর সময় মৃত ব্যক্তিকে কেন চিত করে শোয়ানো হয়? নিম্নের হাদীছটি লক্ষণীয়-

عَنْ جَابِرٍ قَالَ سَأَلْتُ الشَّعْبِيَّ عَنِ الْمَيِّتِ يُوَجَّهُ لِلْقِبْلَةِ قَالَ إِنْ شِئْتَ فَوَجِّهْ وَإِنْ شِئْتَ فَلاَ تُوَجِّهْ لَكِنِ اجْعَلِ الْقَبْرَ إِلَى الْقِبْلَةِ قَبْرُ رَسُوْلِ اللهِ وَقَبْرُ عُمَرَ وَقَبْرُ أَبِيْ بَكْرٍ إِلَى الْقِبْلَةِ.

জাবের বলেন, আমি শা'বী (রহঃ)-কে মৃত ব্যক্তিকে কিবলামুখী করা সম্পর্কে জিজ্ঞেস করলাম? তিনি বললেন, চাইলে কিবলামুখী কর, না হয় না কর। তবে কবরে কিবলামুখী করে রাখো। কারণ রাসূল (ছাঃ), আবুবকর, ওমর (রাঃ)-কে কবরে কিবলামুখী করে রাখা হয়েছে।[2] ইবনু হাযম আন্দালুসী (৩৮৪-৪৫৬ হিঃ) বলেন,

وَيُجْعَلُ الْمَيِّتُ فِىْ قَبْرِهِ عَلَى جَنْبِهِ الْيَمِيْنِ وَوَجْهُهُ قُبَالَةَ الْقِبْلَةِ ... عَلَى هَذَا جَرَى عَمَلُ أَهْلِ الإِسْلاَمِ مِنْ عَهْدِ رَسُولُ اللهِ إِلَى يَوْمِنَا هَذَا وَهَكَذَا كُلُّ مَقْبَرَةٍ عَلَى ظَهْرِ الأَرْضِ.

'মৃত ব্যক্তিকে কবরে ডান পাশে রাখবে। আর মুখটাকে কিবলার দিকে করে রাখবে।.. রাসূল (ছাঃ)-এর যুগ থেকে আমাদের এই যুগ পর্যন্ত মুসলিমদের এই আমল জারি আছে। পৃথিবীর বুকে প্রত্যেক কবর এমনই হয়'।[3] শায়খ আব্দুল আযীয বিন আব্দুললাহ বিন বায (রহঃ) এক প্রশ্নের জবাবে বলেন,

إِنَّ الْمَيِّتَ يُوْضَعُ مِنْ جِهَةِ رِجْلَىَ الْقَبْرِ ثُمَّ يُسَلُّ إِلَى جِهَةِ رَأْسِهِ عَلَى جَنْبِهِ الْأَيْمَنِ مُسْتَقْبِلاَ الْقِبْلَةِ هَذَا هُوَ الْأَفْضَلُ وَالسُّنَّةُ.

'মাইয়েতকে কবরের দুই পায়ের দিক থেকে রাখবে। অতঃপর ক্বিবলামুখী করে ডান পাশে রাখবে। এটাই উত্তম এবং সুন্নাত।[4] কবরে মৃত ব্যক্তির হাত কোথায় থাকবে মর্মে ইসহাক্ক ইবনু রাহওয়াইহ (রহঃ)-কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, পার্শ্বে থাকবে।[5]

ফুটনোট

- [1]. ছহীহ বুখারী হা/২৪৭, ১/৩৮ পৃঃ, হা/৬৩১১, ৬৩১৫; ছহীহ মুসলিম হা/৭০৬৪ ও ৭০৬৭; মিশকাত হা/২৩৮৪, ২৩৮৫।
- [2]. মুছান্নাফ আব্দুর রায্যাক হা/৬০৬১।



- [3]. ইবনু হাযম আন্দালুসী, আল-মুহাল্লা ৫/১৭৩ পৃঃ; আলবানী, আহকামুল জানাইয, পৃঃ ১৫১।
- [4]. আব্দুল আযীয় বিন আব্দুল্লাহ বিন বায়, মাজমূউ ফাতাওয়া ১৩/১৯০ পৃঃ; ফাতাওয়া লাজনা দায়েমাহ ৮/৪২৬ পৃঃ, 'জানাযা' অধ্যায়, 'দাফনের পদ্ধতি' অনুচ্ছেদ; তালখীছুল হাবীর ২/৩০১ পৃঃ।
- [5]. عنبه يسحاق إذا وضع الميت في اللحد كيف يصنع بيده؟ قال: تحت جنبه সাসাইলে ইমাম আহমাদ ও ইসহাক ইবনু রাহওয়াইহ, ফাতাওয়া নং ৩৪০৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2012

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন